# ১

তখন আমি সমুদ্রতীরে এক পর্ণকুটিরে।
খুব ভোরে উঠে বাইরে বেরিয়ে দেখি,
আঙিনায় রাখা সারিসারি মৃৎপাত্রগুলি
কে যেন জলে পূর্ণ ক'রে রেখেছে।
চোখ ফেরাতেই সেগুলো বেজে উঠলো
অবিকল উচ্ছল জলতরঙ্গের মতো।
তারপর ইতোমধ্যে সূর্যের চারপাশে
পৃথিবী প্রায় দেড়বার প্রদক্ষিণ করেছে,
জলতরঙ্গ আমাকে প্রতিদিন শুনিয়েছে
দীপক, মল্লার, ললিত, বারোয়াঁ, সারং,
কালাংড়া আর পরজবসন্তে আলাপ।
কোনো কোনো স্নিগ্ধ সন্ধ্যায় বাজিয়েছে
মিশ্র পিলু আর টোড়িতে ঠুমরি।
এক মাতাল রাতে উন্মাদের মতো
দ্রুতলয়ে বেজেছিলো পাহাড়ি ধুন।
এইভাবে এই জলতরঙ্গের সাথেই
হয়েছিলো আমার এক শুদ্ধতম প্রেম।
তারপর এইতো সেদিন আঙিনায়
পা দিয়ে দেখি, ঋতুর নিষ্ঠুর প্রহারে
পাত্রগুলির জল বাষ্প হয়ে উড়ে গেছে।
এখন এগুলি শুধু মৃৎপাত্র বই কিছু নয়।